



চামড়া গবেষণা ইনস্টিটিউট

LEATHER RESEARCH INSTITUTE, BCSIR
Bangladesh Council of Scientific & Industrial Research (BCSIR)

নং- ৩৯.০২.২৬৭২.০৩৯.৩৬.০৩৯.১৮/২৮ন

তারিখ: ০২.০১.২০২২ইং

উপরোক্ত বিষয়ে আমরা আনন্দের সাথে জানাচ্ছি যে, চামড়া গবেষণা ইনস্টিটিউটে প্রথম বারের মত বিজ্ঞানমেলা/২০২২ অনুষ্ঠিত হতে যাচ্ছে। ২৭.০১.২০২২ থেকে ২৯.০১.২০২২ পর্যন্ত অনুষ্ঠিতব্য মেলায় ছাত্র-ছাত্রীদের উদ্ভাবিত বিজ্ঞান বিষয়ক বিভিন্ন প্রকল্প প্রদর্শিত হবে। মেলাটি ৬ষ্ঠ-৮ম শ্রেণি "ক" গ্রুপ, ৯ম - ১০ম শ্রেণি "খ" গ্রুপ এবং একাদশ - দ্বাদশ শ্রেণি ও বিজ্ঞান ক্লাব "গ" গ্রুপ আকারে বিভক্ত থাকবে। আবেদনপত্র ২৩.০১.২০২২ইং তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে চামড়া গবেষণা ইনস্টিটিউটে পৌঁছাতে হবে। ঐদিনই বিকাল ৫.০০ ঘটিকায় উল্লেখিত গ্রুপসমূহের নির্ধারিত সময়ে প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাই করে প্রদর্শনযোগ্য চূড়ান্ত তালিকা প্রকাশ করা হবে। মেলাটি প্রতি দিন সকাল ১০.০০- বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত ইনস্টিটিউট প্রাঙ্গণে প্রদর্শিত হবে। অত্র ইনস্টিটিউটের বিজ্ঞানী এবং কলেজ/বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান বিষয়ক শিক্ষক সমন্বয়ে গঠিত কমিটি প্রকল্প সমূহ মূল্যায়ন করবেন। প্রতিটি গ্রুপে ১ম, ২য় এবং ৩য় স্থান অর্জনকারী তরুন বিজ্ঞানীদের আর্থিক এবং ফ্রেস্ট দিয়ে পুরস্কৃত করা হবে। এছাড়া সকল অংশগ্রহণকারীদের দুপুরের খাবার ও সম্মানসূচক সার্টিফিকেট প্রদান করা হবে। অংশ গ্রহণকারী সকল শিক্ষা প্রতিষ্ঠানকে সম্মাননা স্মারক প্রদান করা হবে।

আপনার শিক্ষা প্রতিষ্ঠানের অংশগ্রহন নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০২.০১.২২ইং
(ড. সাহানা পারভীন)
ভারপ্রাপ্ত কর্মকর্তা